# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০২১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজর ও মাগরিবের সালাতের পর যা পাঠ করলে চারজন দাস মুক্তি করার সমান সাওয়াব পাওয়া যায় এবং সে ব্যক্তি শয়তান থেকে নিরাপত্তা লাভ করে মর্মে বর্ণনা

## ذِكْرُ الشَّيْءِ الَّذِي يَعْدِلُ لِمَنْ قَالَهُ بَعْدَ صَلَاةِ الْغَدَاةِ وَالْمَغْرِبِ عَتَاقَةَ أَرْبَعِ رِقَابٍ مَعَ احْتِرَاسِهِ مِنَ الشَّيْطَانِ بِهِ

---

আরবী

2021 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ فِي عَقِبِهِ حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا أَبِي عَنِ ابْنِ إِسْحَاقَ قَالَ: حَدَّثَنِي يَزِيدُ بْنُ يَزِيدَ بْنِ جَابِرٍ عَنْ مَكْحُولٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَعِيشَ عَنْ أَبِي أَيُّوبَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ قَالَ دُبُرَ صَلَاتِهِ إِذَا صَلَّى: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ كُتب لَهُ بِهِنَّ عَشْرُ حَسَنَاتٍ ومُحي عَنْهُ بِهِنَّ عَشْرُ سَيِّئَاتٍ ورُفع لَهُ بِهِنَّ عَشْرُ دَرَجَاتٍ وكُنَّ لَهُ عِتْقَ عَشْرِ رِقَابٍ وكُنَّ لَهُ حَرَسًا مِنَ الشَّيْطَانِ حَتَّى يُمسي وَمَنْ قَالَهُنَّ حِينَ يُمْسِي كان له مثل ذلك حتى يصبح)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: سَمِعَ هَذَا الْخَبَرَ يَزِيدُ بْنُ يَزِيدَ بْنِ جَابِرٍ عَنْ مَكْحُولٍ وَالْقَاسِمِ بْنِ مُخَيْمِرَةَ جَمِيعًا وَهُمَا طريقان محفوظان.

الراوي : أَبُو أَيُّوبَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2021 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (113 و 2563)

বাংলা

২০২১. আবূ আইউব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যে ব্যক্তি সালাতের পর لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ (আল্লাহ

ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, তাঁর জন্যই সকল রাজত্ব, তাঁর জন্যই সকল প্রশংসা এবং তিনি সর্ব বিষয়ে ক্ষমতাবান) ১০ বার বলবে, এতে তার জন্য ১০ টি নেকি লিখা হয়, এতে তার থেকে ১০ টি গোনাহ মুছে দেওয়া হয়, তার জন্য ১০ টি মর্যাদা উন্নীত করা হয়, তার জন্য ১০ টি দাস মুক্তি করার সমান সাওয়াব হয় এবং এতে তার জন্য সন্ধা পর্যন্ত শয়তান থেকে নিরাপত্তা অর্জিত হয়। আর যে ব্যক্তি এটি মাগরিবের সালাতের পর বলবে সকাল হওয়া পর্যন্ত তার জন্য অনুরূপ সাওয়াব ও নিরাপত্তা অর্জিত হয়।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “ইয়াযিদ বিন ইয়াযিদ বিন জাবির হাদীসটি মাকহূল ও কাসিম বিন মুখাইমিরাহ উভয় জন থেকেই হাদীসটি শ্রবণ করেছেন, কাজেই হাদীসটির দুটো সানাদই মাহফূয বা সহীহ।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪১৫; আবূ দাঊদ: ৫০৭৭; ইবনু মাজাহ: ৩৮৬৭; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ২৭।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91339

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন